28No. Ward
Courtesy By- Councillor Ayan Chakraborty
Ward, The Kolkata Municipal Corporation

কলকাতা পুরসভার ২৮ নম্বর ওয়ার্ডে ইফতার পার্টিতে সুদীপ ব্যানার্জি, কুণাল ঘোষ, শোভন চ্যাটার্জি, বৈশাখী ব্যানার্জি ও উদ্যোক্তা তৃণমূল কাউন্সিলর অয়ন চক্রবর্তী। বৃহস্পতিবার। ছবি: আজকাল

ধর্মতলা–হাওড়া মেট্রোয় বাড়ছে ভিড়, বিভ্রান্তিতে জেরবার যাত্রীরা

তরুণ চক্রবর্তী

দেশে প্রথম নদীর নীচে দিয়ে রেল যাত্রাকে ঘিরে মানুষের কৌতূহল তো ছিলই। সঙ্গে যুক্ত হয়েছে দ্রুত দুই শহরের আরামদায়ক যোগাযোগের বন্দোবস্তও। তাই প্রথম থেকেই ভিড় বাড়ছে ব্লু লাইনের ইস্ট ওয়েস্ট মেট্রোর এসপ্ল্যানেড–হাওড়া ময়দান রুটের। মাত্র ৯ মিনিটে এসি রেকে চেপে গঙ্গার নীচ দিয়ে পার হওয়া যাচ্ছে এই দূরত্ব। মহাকরণ থেকে হাওড়া স্টেশন, মাত্র ৩ মিনিট। তাই নিত্যযাত্রীদের ভিড় হচ্ছে। সঙ্গে রয়েছে কৌতূহল। মাত্র ১০ টাকায় এসপ্ল্যানেড টু হাওড়া ময়দান! অনেকে এখনই এই মেট্রোর সঙ্গে শিয়ালদা লাইনের বনগাঁ লোকালের তুলনা টানছেন। শিয়ালদা থেকে চলতি বছরেই হাওড়া অবধি মেট্রো চালু হলে ভিড় নিয়ন্ত্রণ যে বেশ কঠিন হবে, তা বুঝতে পারছেন মেট্রো কর্তারাও।

গত শুক্রবার যাত্রী পরিষেবা শুরু হতেই ভিড় বেড়েই চলেছে। গঙ্গার নীচের ৫২০ মিটার যাত্রাপথকে টপকে এখন সহজে সস্তায় যাতায়াতই আকর্ষণের প্রধান কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে। তবে বিভ্রান্তি চারিদিকে। ধর্মতলায় দক্ষিণেশ্বর–কবি সুভাষ ব্লু লাইন থেকে ট্রেন বদল করে গ্রিন লাইনে ধর্মতলা–হাওড়ার ট্রেনে যাতায়াত করতে অনেকেরই অসুবিধা হচ্ছে। মেট্রোর তরফে প্রচার থাকলেও আরও বেশি করে প্রচার প্রয়োজন বলে যাত্রীদের বক্তব্য। লেখাগুলিও আরও বেশি স্পষ্ট হওয়া জরুরি। দিল্লির মতো কলকাতা মেট্রোয় লাইন বদলের নির্দেশিকা চাইছেন যাত্রীরা অনেকে। কিউআর কোড সংবলিত টিকিট ও টোকেন নিয়েও যাত্রীদের মধ্যে বিভ্রান্তি এখনও রয়ে গিয়েছে। ভিড়ের চাপে গেট দিয়ে বার হতেও সমস্যা হচ্ছে। লাইন হচ্ছে দীর্ঘতর। এখন অফিস টাইমে ১২ মিনিট অন্তর এই রুটে মেট্রো চলছে, অন্য সময় দুটি মেট্রোর ব্যবধান ১৫ মিনিট। যাত্রীরা এই ব্যবধান কমানোর অনুরোধ করছেন। মেট্রো সূত্রে খবর, পরিস্থিতির ওপর নজর রাখছেন তাঁরা। যাত্রীদের সুবিধার্থে প্রচারও বাড়ানো হচ্ছে। ভিড়ের কথা মাথায় রেখেই মেট্রো যাত্রীদের সঙ্গের জিনিসপত্রের পরিমাণ ১০ কেজিতেই সীমাবদ্ধ রাখা হয়েছে।

বয়স্কদের ভোটদানে উৎসাহিত করতে কমিশনের হয়ে মাঠে নামলেন দৌড়বিদ

গৌতম চক্রবর্তী

তিনি দৌড়বিদ। তাঁর নাম অমূল্য বৈদ্য। বয়স ৮৮ বছর। এই বয়সেও নিয়মিত রাজ্য ও জাতীয় স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নিয়ে পদকজয়ের কৃতিত্ব রয়েছে অমূল্যবাবুর। একসময় এশিয়ান গেমসেও দেশের হয়ে প্রতিনিধিত্ব করেছেন তিনি। শুধু প্রতিনিধিত্ব করাই নয়, এশিয়ান গেমসে দেশের হয়ে ব্রোঞ্জ জেতারও অনন্য নজির রয়েছে তাঁর ঝুলিতে। এদিন অবশ্য প্রবীণ এই দৌড়বিদকে মাঠে নামতে দেখা গেল অন্য এক উদ্দেশ্যে। আসন্ন লোকসভা নির্বাচনে প্রবীণ ভোটারদের ভোটদানে উৎসাহিত করার বার্তা দিতে দেখা গেল তাঁকে। আসলে অমূল্য বৈদ্য হলেন নির্বাচন কমিশনের দক্ষিণ ২৪ পরগনা জেলার ‘আইকন’। আর সেজন্যই এদিন তাঁর মাঠে নামা। এবারেও লোকসভা নির্বাচনে বয়স্ক ভোটাররা যাতে ঠিকমতো তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন, তার জন্য বিশেষ কিছু ব্যবস্থা করেছে কমিশন। আর সেগুলোই প্রবীণ নাগরিকদের কাছে তুলে ধরতে ‘আইকন’ হিসেবে অমূল্য বৈদ্য বার্তা দিলেন। বুধবার সোনারপুরের একটি মাঠে হল শুটিং। যেখানে কমিশনের তরফে অমূল্যবাবুর শরীরচর্চার বিভিন্ন কসরত ক্যামেরাবন্দি করা হল। তেমনই প্রবীণ নাগরিকদের ভোট দেওয়ার বার্তাও দিলেন তিনি। বয়স্ক ভোটারদের জন্য এবারও কমিশন অগ্রাধিকার এবং বিশেষ কিছু ব্যবস্থা নিয়েছে। এমনকী তাঁদের জন্য পৃথক লাইনের ব্যবস্থাও রয়েছে। আর এই বিষয়গুলিই আইকন অমূল্য বৈদ্য তুলে ধরলেন ক্যামেরার সামনে। অমূল্য বৈদ্য জানান, নির্বাচন কমিশনের আইকন হিসেবে আসন্ন লোকসভা নির্বাচনে বয়স্ক ভোটারদের ভোটদানের জন্য বার্তা দিলাম। মানুষ এই বার্তায় উৎসাহিত হয়ে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করুন এটাই চাই।

দৌড়বিদ অমূল্য বৈদ্য। ছবি: প্রতিবেদক

রাহুল সিনহার বিরুদ্ধে শিখ সম্প্রদায়ের অভিযোগ

আজকালের প্রতিবেদন

বিজেপি নেতা রাহুল সিনহা ও তাঁর নিরাপত্তারক্ষীর বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের হল। বৃহস্পতিবার সকালে গুরুদোয়ারা বারা শিক সঙ্গত সংগঠনের তরফে জোড়াসাঁকো থানায় লিখিত অভিযোগ জানানো হয়। বুধবার রাতে মুরলিধর সেন লেনে বিজেপির সদর দপ্তরের সামনে শান্তিপূর্ণ ভাবে প্রতিবাদ দেখাচ্ছিলেন শিখ সম্প্রদায়ের মানুষজন। রাত আটটা নাগাদ রাহুল সিনহা পার্টি অফিসে সামনে এলে, তাঁকে উদ্দেশ্য করে কালো পতাকা দেখানো হয়। তখন বিজেপি নেতার নির্দেশে প্রতিবাদকারীদের হেনস্থা করেন তাঁর নিরাপত্তারক্ষী। ধাক্কা দেওয়ার অভিযোগ ওঠে তাঁর বিরুদ্ধে। এর পরেই তারা পুলিশের দ্বারস্থ হয়।

গত ২০ ফেব্রুয়ারি রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি বিধায়কদের একটি প্রতিনিধি দল সন্দেশখালি পরিদর্শনে যায়। ধামাখালির কাছে পুলিশ তাদের আটকায়। সেখানে উপস্থিত ছিলেন ইনটেলিজেন্স ব্রাঞ্চের স্পেশ্যাল সুপারিনটেন্ডেন্ট যশপ্রীত সিং। অভিযোগ, শিখ সম্প্রদায়ের ওই আইপিএস অফিসারের মাথায় পাগড়ি পরা দেখে বিজেপি নেতা শুভেন্দু অধিকারী ‘ওটা খলিস্তানি’ বলে কটাক্ষ করেন। এর প্রতিবাদে কলকাতায় বিজেপির সদর দপ্তরের সামনে অবস্থান ধর্নায় বসেন শিখ সম্প্রদায়ের মানুষজন। ওই সময় ভবানীপুর থানাতেও একটি লিখিত অভিযোগ দায়ের হয়েছিল।

হারানো মেয়েকে ঘরে ফেরাল পুলিশ

মানসিক রোগী যুবতীকে বাড়ি ফিরিয়ে দিল চুঁচুড়া থানা। সন্তানকে ফিরে পেয়ে খুশি তার পরিবার। সম্প্রতি চুঁচুড়া স্টেশন চত্বরে গভীর রাতে টহল দেওয়ার সময় সন্দেহজনক এক যুবতী নজরে পড়ে চুঁচুড়া থানার পুলিশের। অসংলগ্ন ভাবে ঘোরাফেরা করতে দেখে তাঁকে উদ্ধার করে থানায় নিয়ে আসা হয়। যুবতীর সঙ্গে দীর্ঘ সময় ধরে কথা বলেন আইসি রামেশ্বর ওঝা। অনেকক্ষণ কথা বলার পর বুঝতে অসুবিধে হয় না যুবতী মানসিকভাবে স্থিতিশীল নয়। তবু তিনি হাল ছাড়েননি। নানান ভাবে কথাবার্তার মাধ্যমে চেষ্টা চালিয়ে যান। অবশেষে ভোর রাতে ওই যুবতীর মুখ থেকে বেরোয় তার গ্রামের নাম। রাতেই খোঁজ নিয়ে মুর্শিদাবাদ জেলায় লোচানপুর গ্রামের হদিশ পান। তার কিছুক্ষণ পরে যুবতী তার নাম বলে। আবার যোগাযোগ করে যুবতীর বাড়িতে খবর দেওয়ার ব্যবস্থা করেন। তার পরেই যুবতীর বাবা রেন্টু শেখ চুঁচুড়া থানায় এসে তাঁর মেয়েকে নিয়ে বাড়ি ফিরে যান। জানা গেছে, চলতি মাসের ১০ তারিখ নিখোঁজ হয় মুর্শিদাবাদের লোচানপুর গ্রামের রেন্টু শেখের মেয়ে রেশমা খাতুন (২৭)। রেন্টু জানিয়েছেন, রেশমা মানসিক রোগী। আগেও একই কারণে বেরিয়ে গিয়েছিল মেয়ে।

ত্রিপাক্ষিক সমঝোতাপত্র স্বাক্ষর

‘ডিজাইন থিঙ্কিং ফর ইনস্টিটিউশনাল লিডারশিপ’–এর জন্য ত্রিপাক্ষিক সমঝোতাপত্র স্বাক্ষর হল ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট (আইআইএম) কলকাতা, মিশন সমৃদ্ধি এবং স্কুল অফ ডিজাইনের মধ্যে। এই উপলক্ষে এক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইআইএম কলকাতার ডিরেক্টর ইনচার্জ অধ্যাপক শৈবাল চট্টোপাধ্যায়, আইআইএম কলকাতার ডিন (অ্যাকাডেমিক) অধ্যাপক ভাস্কর চক্রবর্তী, মিশন সমৃদ্ধির প্রতিষ্ঠাতা ট্রাস্টি এবং ইন্টেলেক্ট ডিজাইন এরিনার সিএমডি অরুণ জৈন এবং স্কুল অফ ডিজাইনের কো–ফাউন্ডার অ্যান্ড হেড ড. অনবু রথিনাভেল। তিন বছরের জন্য এই সমঝোতাপত্র স্বাক্ষর হয়েছে। এটি হবে দেশে প্রথম ‘সেন্টার ফর এক্সেলেন্স ফর ডিজাইন থিঙ্কিং’। নিত্যনতুন উদ্ভাবন এবং গঠনমূলক পদ্ধতিতে সমস্যা সমাধানে এই প্রক্রিয়া সহায়ক হবে।

বসন্ত উৎসব অনুষ্ঠিত হল হুগলির রিষড়ায় আদিত্য বিড়লা বাণী ভারতী স্কুলে। শান্তিনিকেতন থেকে প্রাক্তনীরা অংশ নেন এই উৎসবে। তাঁরা গান ও নৃত্য পরিবেশনের মাধ্যমে কবিগুরুর বসন্তের গানে মাতিয়ে তোলেন স্কুল প্রাঙ্গণ। স্কুলের ছাত্র–ছাত্রীরাও অংশ নেয় অনুষ্ঠানে। এছাড়া বীরভূম থেকে এসেছিলেন গিরিশ বাউল। স্কুলের অধ্যক্ষ গৌতম সরকার বলেন, ‘কবিগুরু আমাদের জীবনে পথ চলার সঙ্গী। বর্তমান প্রজন্মের ছেলেমেয়েদের মধ্যেও শিক্ষার পাশাপাশি সেই অনুভূতি গড়ে তুলতেই এই অনুষ্ঠান।’ ছবি: আজকাল

তৃণমূলের অভিযোগে সক্রিয় কমিশন মোদির ‘বিকশিত ভারত’ আর নয়

আজকালের প্রতিবেদন

দিল্লি, ২১ মার্চ

নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করায় মোদি সরকারকে ‘বিকশিত ভারত’ বার্তা পাঠানো বন্ধের নির্দেশ দিল নির্বাচন কমিশন। লোকসভা ভোটের নির্ঘণ্ট ঘোষণার পরে আদর্শ আচরণবিধি কার্যকর হয়েছে। তার পরেও কেন্দ্রের মোদি সরকার ‘বিকশিত ভারত’ নিয়ে সোশ্যাল মিডিয়ায় বার্তা পাঠাচ্ছিল। বিষয়টি নিয়ে তৃণমূল–সহ কয়েকটি বিরোধী দল সরব হয়। তৃণমূলের তরফে নির্বাচন কমিশনে নালিশও করা হয়। বৃহস্পতিবার কমিশনের তরফে কেন্দ্রীয় তথ্য ও প্রযুক্তি মন্ত্রককে জানিয়ে দেওয়া হয়েছে, আচরণবিধি জারি রয়েছে। এর পর থেকে হোয়াট্‌সঅ্যাপে এমন বার্তা অবিলম্বে বন্ধ করতে হবে। ভবিষ্যতে যাতে এমন ঘটনা না ঘটে, তার জন্য সরকারকে সতর্ক করা হয়েছে। মন্ত্রকের তরফে দাবি করা হয়েছে, আদর্শ আচরণবিধি কার্যকর হওয়ার আগেই হোয়াট্‌সঅ্যাপে ‘বিকশিত ভারত’–এর বার্তা পাঠানো হয়েছিল। কিন্তু নেটওয়ার্ক সমস্যা বা সিস্টেম–সংক্রান্ত গোলযোগের কারণে কিছু ক্ষেত্রে এই বার্তা দেরিতে পৌঁছে থাকতে পারে।

লোকসভা ভোটের দিনক্ষণ ঘোষণার পরে অনেকেই তাঁদের মোবাইলে ‘বিকশিত ভারত’ বার্তা পেয়েছেন বলে জানা গেছে। সেখানে ‘বিকশিত ভারত সম্পর্ক’ নামে হোয়াট্‌সঅ্যাপে এই বার্তা পাঠানো হয়। ‘লেটার ফ্রম প্রাইম মিনিস্টার’ (প্রধানমন্ত্রীর চিঠি) শীর্ষক সেই বার্তায় প্রধানমন্ত্রী আবাস যোজনা, আয়ুষ্মান ভারত, মাতৃবন্দনা যোজনার মতো মোদি সরকারের বিভিন্ন প্রকল্পের উল্লেখ করা হয়েছে। সেই সঙ্গে আমজনতার কাছ থেকে বিভিন্ন পরামর্শও চাওয়া হয়। এর পরেই তৃণমূল বিষয়টি নিয়ে সরব হয়। কমিশনে নালিশ জানায় তারা। এর পরেই নড়েচড়ে বসে নির্বাচন কমিশন। ‘বিকশিত ভারত’ বার্তা পাঠানো বন্ধ করতে নির্দেশ দেয়। কমিশনের পদক্ষেপে তাদের জয় দেখছে তৃণমূল। দলের এক্স হ্যান্ডলে দলের তরফে বলা হয়েছে, ‘আচরণবিধি ভঙ্গের অভিযোগের প্রেক্ষিতে কমিশন হোয়াট্‌সঅ্যাপে প্রধানমন্ত্রীর প্রচারমূলক বার্তা বন্ধের নির্দেশ দিয়েছে। গণতন্ত্রের জয় হয়েছে। গণতন্ত্র–১, মোদিজি–০।’

উল্লেখ্য, গত সোমবার কমিশনে এ বিষয়ে নালিশ জানায় তৃণমূল। অভিযোগপত্রের সঙ্গে সংশ্লিষ্ট হোয়াট্‌সঅ্যাপ বার্তার ছবিও কমিশনকে পাঠানো হয়।

বিশ্ব মুখগহ্বর স্বাস্থ্য দিবস

বিশ্ব মুখগহ্বর স্বাস্থ্য দিবস উপলক্ষে কলকাতায় বিনামূল্যে মুখের স্বাস্থ্য পরীক্ষা শিবিরের আয়োজন করে লায়নস ক্লাব। রিজেন্ট পার্কে লায়নস ক্লাবে এই শিবির আয়োজিত হয়। ডাঃ রণবীর সিনহা মুখের স্বাস্থ্য ভাল করে পরীক্ষা করেন। দাঁতের ক্ষয়, মাড়ি দুর্বল, দাঁতে পোকা লাগা পরীক্ষা করা হয়। মুখের স্বাস্থ্যের কিভাবে যত্ন নিতে হবে সেই বিষয়ে সচেতন করা হয়।

ভাল আছেন সব্যসাচী চক্রবর্তী

পেসমেকার বসল অভিনেতা সব্যসাচী চক্রবর্তীর। চিকিৎসকরা জানিয়েছেন, ভাল আছেন অভিনেতা। শরীরে আপাতত কোনওরকম জটিলতা নেই। সব ঠিক থাকলে, আগামী রবিবার তাঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হবে। মঙ্গলবার রাতে বুকে যন্ত্রণা হওয়ায় ফর্টিস হাসপাতালে ভর্তি করা হয়েছিল তাঁকে। এর পরই চিকিৎসকরা যত তাড়াতাড়ি সম্ভব পেসমেকার বসানোর নির্দেশ দিয়েছিলেন।

সার্বজনীন বিজ্ঞপ্তি

এতদ্বারা জনসাধারণকে জানানো হইতেছে যে অম্বুজা নেওটিয়া তিস্তা ডেভেলপমেন্ট প্রাঃ লিঃ (AMBUJA NEOTIA TEESTA DEVELOPMENT PVT. LTD.), যাহার নিবন্ধিত কার্যালয় হইল ইকোস্পেস বিজনেস পার্ক, প্লট নং-IIF / 11, একশন এরিয়া-II, ব্লক 4 B, ষষ্ঠ তল, নিউ টাউন কলকাতা-৭০০১৬০, রাজ্য পরিবেশ দপ্তর হইতে উৎসধারা এইচ আই জি ১ নামক আবাসন প্রকল্পটির ছাড়পত্র অর্জন করিয়াছে। উক্ত প্রকল্পটি মৌজা-ডাবগ্রাম, J.L. নং ২, ব্লক-রাজগঞ্জ, পোস্ট অফিস-স্যাটেলাইট টাউনশিপ, থানা-নিউ জলপাইগুড়ি, পিন কোড-৭৩৪০১৫, পঞ্চায়েত-ফুলবাড়ী-১ জেলা-জলপাইগুড়ির অন্তর্গত উৎসধারাঃ তিস্তা টাউনশিপে অবস্থিত। ইহার ছাড়পত্র নং-EC24B038WB160795 এবং ফাইল নং-EN/T-II-1/041/2023, তারিখ 14/03/2024। ইহার পরিবেশগত ছাড়পত্রের অনুলিপি পরিবেশ দপ্তরের ওয়েবসাইটে (parivesh.nic.in) উপলব্ধ আছে।

অম্বুজা নেওটিয়া তিস্তা ডেভেলপমেন্ট প্রাইভেট লিমিটেড দ্বারা প্রকাশিত

অফিস : ইকোস্পেস বিজনেস পার্ক,
প্লট নং-IIF/11, একশন এরিয়া-II, ব্লক 4B,
ষষ্ঠ তল, নিউ টাউন, কলকাতা-৭০০১৬০

Bank of India
Relationship beyond banking

হাওড়া জোনাল অফিস,
এস্টেট বিভাগ, ৫, বি.টি.এম সরণি,
৪র্থ ফ্লোর, কলকাতা–৭০০০০১

ব্রাঞ্চ প্রেমিসেস প্রয়োজন

নিম্নলিখিত স্থানে আমাদের ব্রাঞ্চের জন্য লিজ ভিত্তিতে ব্যবসায়িক প্রেমিসেস প্রয়োজন:

(১) হাওড়া– আমাদের বর্তমান প্রেমিসেস থেকে প্রায় এক কিলোমিটারের মধ্যে জি টি রোডে আনুমানিক ১৮০০ বর্গফুট (কেবলমাত্র গ্রাউন্ড ফ্লোর) কার্পেট এরিয়া যুক্ত।

বিড বিশদ আবেদনপত্র পাওয়া যাবে www.bankofindia.co.in (রেফা নং ৩৪৫২–১৯০৩২০২৪ তারিখ ১৯.০৩.২০২৪) থেকে। বিড জমার শেষ তারিখ ১০.০৪.২০২৪। ব্যাঙ্ক কোনও কারণ না দর্শিয়ে আবেদনপত্র গ্রহণ/যে কোনও আবেদন বাতিল/সকল আবেদনপত্র বা টেন্ডার বাতিলের অধিকারী। এই বিষয়ে যে কোনও সংশোধনী কেবলমাত্র উক্ত ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

জোনাল ম্যানেজার, বিওআই, হাওড়া জোন

কেনরা বৈংক Canara Bank
Syndicate

লেক গার্ডেন ২ ব্রাঞ্চ (ডিপি কোড ১৯৫৯৩)
৫১৮, লেক গার্ডেন, কলকাতা– ৭০০ ০৪৫
ই–মেল cb19593@canarabank.com
টেলিফোন: ৬২৯২২ ৪৩৫১২

স্বত্ব দলিল হারানো

সংশ্লিষ্টগণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে **শ্রী সুব্রত দাস**, পিতা– প্রয়াত শ্রীমন্ত লাল দাস ভিস্তা ১ ১৫০২ ইউনিওয়ার্ল্ড সিটি মেইন আর্টারিয়াল রোড, রাজারহাট নিউ টাউন, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০ ১৫৬ এবং **শ্রীমতী মুক্তা দাস**, স্বামী– সুব্রত দাস ভিস্তা ১ ১৫০২, ইউনিওয়ার্ল্ড সিটি মেইন আর্টারিয়াল রোড, রাজারহাট নিউ টাউন, কলকাতা পশ্চিমবঙ্গ পিন–৭০০ ১৫৬ **কানাড়া ব্যাঙ্ক, লেক গার্ডেন ২ ব্রাঞ্চ** থেকে সম্পত্তি বন্ধক রেখে যথা ফ্ল্যাট নং ১৫০২, ১৪তম ফ্লোর, টাওয়ার ১ যার সুপার বিল্ট পরিমাপ ১২২৬ বর্গফুট (কমবেশি) সহ ১ (এক)টি খোলা গাড়ি রাখবার স্থান নং ২০৪ উচ্চ টাওয়ারে অবস্থিত ইউনিওয়ার্ল্ড সিটি কমপ্লেক্স পরিচিতি ভিস্তা, একটি এমএসএমই ঋণগ্রহণ করেছিলেন যার প্লট নং AAIII/BLK-2/6(আংশিক) AAIII/BLK-2/5(আংশিক) এবং AA-III/BLK-2/3 (আংশিক) অ্যাকশন এরিয়া ৩, নিউ টাউন, মৌজা– পাথরঘাটা, গ্রাম পঞ্চায়েত পাথরঘাটা, রাজারহাট, জেলা ২৪ পরগনা (উত্তর) কলকাতা–৭০০ ১৬০ এবং উক্ত টাওয়ারের নীচের জমির অবিভাজ্য আনুপাতিক অংশ যার নথিভুক্ত কনভেয়েন্স দলিল নং আই–১৫২৩১১৪৪৩ সাল ২০১৯ (আই–১১৪৪৩/১৯) তারিখ ৩০.০৯.২০১৯ এডিএসআর রাজারহাট যা বন্ধকের সুরক্ষা হিসাবে **কানাড়া ব্যাঙ্ক লেক গার্ডেন ২ ব্রাঞ্চের** অধিকারে ছিল না তা ব্যাঙ্ক থেকে হারিয়ে গিয়েছে এবং বহু খোঁজার পরেও তা পাওয়া যায়নি। এই সম্পর্কে লেক থানায় একটি হারানো ডায়েরি করা হয়েছে যার **জিডি এন্ট্রি নং ৮৪৯ তারিখ ১৩.০৩.২০২৪**। যদি কোনও ব্যক্তি ওই দলিল পেয়ে থাকেন তাহলে তার ক্ষেত্রে কোনও লেনদেন করবেন না এবং নিম্নস্বাক্ষরকারীর কাছে জমা করবেন। যদি কারও উক্ত সম্পত্তি ক্ষেত্রে কোনও দাবি থাকে তাহলে এই বিজ্ঞপ্তি প্রকাশের থেকে ১৫ দিনের মধ্যে আপত্তি জানাবেন।

ধন্যবাদান্তে ও নমস্কার সহ
ব্রাঞ্চ ইনচার্জ
কানাড়া ব্যাঙ্ক, লেক গার্ডেন ২ ব্রাঞ্চ

ফর্ম নং: আইএনসি–২৬
[কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪ এর রুল ৩০ অনুযায়ী]
কেন্দ্রীয় সরকার,
ইস্টার্ন রিজিয়ন সমীপে

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১৩ নং ধারার (৪) নং উপধারা এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪ এর রুল ৩০ সাব রুল (৫) ক্লজ (এ) সম্পর্কিত বিষয়

–এবং–

বিষয়: **ভিলোহিট ট্রেডকম লিমিটেড** (CIN: U51909WB2014PLC2003[illegible]) রেজিস্টার্ড অফিস ১৫১এ, উৎকলমণি গোপা বন্ধু সরণি, ২য় ফ্লোর, কটন স্ট্রিট, কলকাতা–৭০০০০৭

...পিটিশনার

এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, ০৮.০৩.২০২৪ তারিখে আয়োজিত উক্ত কোম্পানির বিশেষ সাধারণ সভায় গৃহীত একটি বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ১৩ নং ধারাধীনে **‘পশ্চিমবঙ্গ রাজ্য’** থেকে **‘বিহার রাজ্য’**–তে কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তরের উদ্দেশ্যে কোম্পানির সঙ্ঘস্মারক পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য আবেদনকারী কোম্পানির তরফে কেন্দ্রীয় সরকারের কাছে একটি আর্জি পেশ করার প্রস্তাব আনা হয়েছে। এই কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত উক্ত স্থানান্তরে কারও স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা থাকলে তিনি/তাঁরা এমসিএ–২১ পোর্টাল (www.mca.gov.in)–এ ইনভেস্টর কমপ্লেন্ট ফর্ম দাখিল করে কিংবা এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার তারিখ থেকে চোদ্দো দিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়নের কাছে কর্পোরেট বিষয়ক মন্ত্রকের ঠিকানা নিজাম প্যালেস, ২য় এমএসও বিল্ডিং, চতুর্থ তল, ২৩৪/৪, এজেসি বোস রোড, কলকাতা–৭০০০২০ সমীপে তাঁর (পুং/স্ত্রী) স্বার্থের ধরন ও বিরোধিতার কারণ উল্লেখ করে লিখিতভাবে জানান বা রেজিস্টার্ড ডাকে পাঠান এবং এর সঙ্গে একটি হলফনামা দ্বারা বক্তব্য সমর্থিত হওয়া আবশ্যক এবং এর একটি কপি অবশ্যই আবেদনকারী এই কোম্পানির এই রেজিস্টার্ড অফিসের নিম্নোক্ত ঠিকানায় পেশ করতে হবে: ১৫১এ উৎকলমণি গোপা বন্ধু সরণি, ২য় ফ্লোর, কটন স্ট্রিট, কলকাতা–৭০০০০৭।

আবেদনকারী **ভিলোহিট ট্রেডকম লিমিটেডের** জন্য ও তরফে
স্বাঃ মহঃ আরবাজ আলম
ডিরেক্টর

স্থান: কলকাতা
তারিখ: ০৮.০৩.২০২৪ (DIN: 10445335)

ফর্ম নং: আইএনসি–২৬
[কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪ এর রুল ৩০ অনুযায়ী]
কেন্দ্রীয় সরকার, ইস্টার্ন রিজিয়ন সমীপে

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ১৩ নং ধারার (৪) নং উপধারা এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪ এর রুল ৩০ সাব রুল (৫) ক্লজ (এ) সম্পর্কিত বিষয়

~ এবং ~

বিষয়: **যূথিকা ব্যাপার প্রাইভেট লিমিটেড** (সিআইএন: U51109WB2005PTC1021[illegible]) রেজিস্টার্ড অফিস ১৪, রাধাবাজার স্ট্রিট, কলকাতা–৭০০০০১

..... পিটিশনার

এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, ০৮.০৩.২০২৪ তারিখে আয়োজিত উক্ত কোম্পানির বিশেষ সাধারণ সভায় গৃহীত একটি বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ১৩ নং ধারাধীনে **‘পশ্চিমবঙ্গ রাজ্য’** থেকে **‘বিহার রাজ্য’** তে কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তরের উদ্দেশ্যে কোম্পানির সঙ্ঘস্মারক পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য আবেদনকারী কোম্পানির তরফে কেন্দ্রীয় সরকারের কাছে একটি আর্জি পেশ করার প্রস্তাব আনা হয়েছে।

এই কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত উক্ত স্থানান্তরে কারও স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা থাকলে তিনি/তাঁরা এমসিএ–২১ পোর্টাল (www.mca.gov.in) তে ইনভেস্টর কমপ্লেন ফর্ম দাখিল করে কিংবা এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার তারিখ থেকে ১৪ (চোদ্দ) দিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর ইস্টার্ন রিজিয়ন, মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স, নিজাম প্যালেস, ২য় এমএসও বিল্ডিং, চতুর্থ তল, ২৩৪/৪, এজেসি বোস রোড, কলকাতা– ৭০০০২০ সমীপে তাঁর (পুং/ স্ত্রী) স্বার্থের ধরন ও বিরোধিতার কারণ উল্লেখ করে লিখিতভাবে জানান বা রেজিস্টার্ড ডাকে পাঠান এবং এর সঙ্গে একটি হলফনামা দ্বারা বক্তব্য সমর্থিত হওয়া আবশ্যক এবং এর একটি কপি অবশ্যই আবেদনকারী এই কোম্পানির এই রেজিস্টার্ড অফিসের ঠিকানায় পেশ করতে হবে: ১৪, রাধাবাজার স্ট্রিট, কলকাতা–৭০০০০১।

আবেদনকারী **যূথিকা ব্যাপার প্রাইভেট লিমিটেড**–এর জন্য এবং তরফে
স্বা/–
মহঃ আরবাজ আলম
ডিরেক্টর

স্থান: কলকাতা
তারিখ: ০৮.০৩.২০২৪ (ডিআইএন: 10445335)

ফর্ম ‘বি’
প্রকাশ্য ঘোষণা
[ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অফ ইন্ডিয়া (লিকুইডেশন প্রোসেস) রেগুলেশনস, ২০১৬–এর রেগুলেশন ১২ অধীনে]
ডানলা মেটালিকস প্রাইভেট লিমিটেড– এর অংশীদারদের অবগতির জন্য

ক্রম নং	বিবরণ	বিশদ
১	কর্পোরেট ঋণগ্রহীতার নাম	**ডানলা মেটালিকস প্রাইভেট লিমিটেড**
২	কর্পোরেট ঋণগ্রহীতার প্রতিষ্ঠার তারিখ	১৪.১০.২০০৯
৩	যে কর্তৃপক্ষের অধীনে এই কর্পোরেট ঋণগ্রহীতা প্রতিষ্ঠিত/ নিবন্ধীকৃত	রেজিস্ট্রার অফ কোম্পানিজ, কলকাতা
৪	কর্পোরেট ঋণগ্রহীতার কর্পোরেট আইডেন্টিটি নম্বর	U27100WB2009PTC138888
৫	কর্পোরেট ঋণগ্রহীতার রেজিস্টার্ড অফিস এবং মুখ্য অফিসের ঠিকানা	রেজিস্টার্ড অফিস: ৫/৫৩, জগতিপোতা, কৃষাণ মার্কেট রোড, পোঃ ঢালুয়া, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০১৫২
৬	ইনসলভেন্সি রেজোলিউশন প্রোসেস বন্ধের তারিখ	১৮.০৩.২০২৪
৭	কর্পোরেট ঋণগ্রহীতার লিকুইডেশন শুরুর তারিখ	১৯.০৩.২০২৪
৮	লিকুইডেটর হিসেবে ক্রিয়ারত ইনসলভেন্সি প্রোফেশনালের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর	সঞ্জয় কুমার গুপ্ত, রেজিস্ট্রেশন নম্বর- IBBI/IPA-001/ IP-P00592/ 2017-18/11045
৯	বোর্ডের কাছে নিবন্ধন অনুযায়ী লিকুইডেটরের ঠিকানা এবং ই–মেল আইডি	৫এ আকমা, ২৭এ বাগমারি রোড, কলকাতা –৭০০০৫৪। casanjaigupta@gmail.com
১০	লিকুইডেটরের সঙ্গে যোগাযোগের জন্য ব্যবহার্য ঠিকানা এবং ই–মেল আইডি	৫এ আকমা, ২৭এ বাগমারি রোড, কলকাতা –৭০০০৫৪। danla.cirp@gmail.com
১১	দাবি পেশের শেষ তারিখ	**১৮.০৪.২০২৪**

এতদ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, মহামান্য ন্যাশনাল কোম্পানি ল ট্রাইবুনালের কলকাতা বেঞ্চ ১৯.০৩.২০২৪ তারিখে ডানলা মেটালিকস প্রাইভেট লিমিটেড–এর লিকুইডেশন শুরুর আদেশ জারি করেছেন।

ডানলা মেটালিকস প্রাইভেট লিমিটেড–এর স্বার্থধারকদের প্রতি আহ্বান জানানো হচ্ছে যাতে তাঁরা ওপরে দফা নং ১০–তে উল্লেখ করা ঠিকানায় লিকুইডেটরের কাছে ১৮.০৪.২০২৪ তারিখের মধ্যে তাঁদের দাবির অনুকূলে প্রমাণ পেশ করেন।

আর্থিক ঋণদাতারা কেবলমাত্র ইলেকট্রনিক উপায়ে তাঁদের দাবির অনুকূলে প্রমাণ দাখিল করবেন। বাকি সকল ঋণদাতা তাঁদের দাবির অনুকূলে প্রমাণ নিজেরা এসে, ডাক মাধ্যমে বা ইলেকট্রনিক উপায়ে দাখিল করতে পারবেন।

দাবির অনুকূলে মিথ্যা বা বিভ্রান্তিকর প্রমাণ দাখিল করলে জরিমানা হতে পারে।

স্বাঃ–
সঞ্জয় কুমার গুপ্ত
লিকুইডেটর
ডানলা মেটালিকস প্রাইভেট লিমিটেড ইন লিকুইডেশন
IBBI/IPA-001/ IP-P00592/ 2017-18/11045
এএফএ বৈধ ১৯.১১.২০২৪ পর্যন্ত

তারিখ: ২২.০৩.২০২৪
স্থান: কলকাতা

বায়ুদূষণে বাড়ছে ফুসফুস, ডায়াবেটিস, ঘুমের সমস্যা

আজকালের প্রতিবেদন

বায়ুদূষণে শুধু ফুসফুস নয়, বাড়ছে ডায়াবেটিস, নিদ্রারোগ স্লিপ অ্যাপনিয়া–সহ একাধিক রোগ। বাতাসের গুণমান এতটাই খারাপ যে পরিবেশের পাশাপাশি মানব শরীরেরও চরম ক্ষতি হচ্ছে বলে জানাচ্ছেন বিশেষজ্ঞরা। ফুসফুস ক্ষতিগ্রস্ত হওয়ার মূল উৎস বায়ুদূষণ। বণিক সংগঠন অ্যাসোচেমের উদ্যোগে আয়োজিত ‘ইলনেস টু ওয়েলনেস’ আলোচনাসভায় বক্ষ ও নিদ্রারোগ বিশেষজ্ঞ ডাঃ জিসি খিলনানি বলেন, ‘ফুসফুসে বায়ুদূষণের দীর্ঘমেয়াদি প্রভাব খুবই উদ্বেগজনক। প্রায় ৩০ বছর আগে, ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ (সিওপিডি)–এর অর্থ কিছুই ছিল না। বর্তমানে, সিওপিডিতে মৃত্যুর অন্যতম প্রধান কারণ বায়ুদূষণ। এই রোগে জরুরি অবস্থায় ভর্তি হওয়া রোগীর সংখ্যাও ২০ শতাংশের বেশি বেড়েছে।’ ক্রিটিক্যাল কেয়ার, স্লিপ মেডিসিন ও বক্ষরোগ বিশেষজ্ঞ ডাঃ বিবেক নাঙ্গিয়া বলেন, ‘বায়ুদূষণে নানাবিধ অসুস্থতা বাড়ে। এখনও পর্যন্ত আমরা ডায়াবেটিস বৃদ্ধির জন্য দায়ী করেছি রোগীদের জীবনযাত্রা, স্থূলতা এবং খাদ্যাভ্যাসের ওপর। গবেষণায় দেখা গেছে যে ক্রমাগত বায়ুদূষণের মাত্রার সংস্পর্শে আসায় পরবর্তীতে ডায়াবেটিস রোগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। স্লিপ অ্যাপনিয়ায় ভোগা মানুষের বড় সমস্যা হল বায়ুদূষণের সম্মুখীন হওয়া।’ আলোচনাসভা সঞ্চালনা করেন ডাঃ করণ ঠাকুর।

কেনরা বৈংক Canara Bank
Syndicate

দখল বিজ্ঞপ্তি
পরিশিষ্ট IV
[১৩(৪) নং ধারা] [রুল ৮(১) দ্রষ্টব্য]
(স্থাবর সম্পত্তির জন্য)

বাগুইআটি ব্রাঞ্চ, অশ্বিনীনগর, বাগুইআটি, কলকাতা–৭০০১৫৯

যেহেতু:

কানাড়া ব্যাঙ্ক, বাগুইআটি ব্রাঞ্চ–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত **ক্ষমতাবলে ঋণগ্রহীতা: শ্রী সোমেন দে এবং শ্রীমতী ছায়া দে**–এর প্রতি **১১.০১.২০২৪ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক **১০.০১.২০২৪** তারিখ অনুসারে **₹১৯,১৭,৯৬০.৮৬** (উনিশ লক্ষ সতেরো হাজার নশো ষাট টাকা এবং ছিয়াশি পয়সা মাত্র), এবং তার উপর সুদ এবং মাশুল আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে **২১ মার্চ, ২০২৪** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্বারা নিম্নবর্ণিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন **১০.০১.২০২৪** তারিখ অনুসারে **₹১৯,১৭,৯৬০.৮৬** (উনিশ লক্ষ সতেরো হাজার নশো ষাট টাকা এবং ছিয়াশি পয়সা মাত্র) তৎসহ ১১.০১.২০২৪ তারিখ থেকে প্রযোজ্য হারে সুদ এবং চার্জসমূহ সমেত **কানাড়া ব্যাঙ্ক, বাগুইআটি ব্রাঞ্চ**–এর দায় সাপেক্ষ হবে।

উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ:– শ্রী সোমেন দে এবং শ্রীমতী ছায়া দে (ঋণগ্রহীতাগণ এবং বন্ধকদাতাগণ) এর সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ: ভূতনাথ ধাম নামে বহুতলের ৫মতলে (উত্তর–পূর্ব দিকে) আবাসিক ফ্ল্যাট নং ৪সি, মাপ সুপার বিল্ট আপ এরিয়া ৭০০ বর্গফুট, জমির মাপ ৩ কাঠা ১০ ছটাক ৩৯ বর্গফুট, মৌজা–জ্যাংরা, জে এল নং ১৬, রে সা নং ১১৪, তৌজি নং ৩০২৭, সি এস দাগ নং ১৫৮১, আর এস দাগ নং ১৬৩২, অধীনস্থ সি এস খতিয়ান নং ৩৭৬, আর এস খতিয়ান নং ৮৮৪, ৯১৫, ৯১০, ৯০৫, ৮৪৫, ৯০০, ৮৯৪, ৮৮৯, ৯৬২, ৯৫৭, ৯৩০, ৯২৫, ৯২০, ৮৫৫ এবং ৮৫০, হোল্ডিং নং (পুরাতন) এএস/১৮২/২৮১৯/০৩, (নতুন) ৪২৫, জ্যাংরা দক্ষিণ মাঠ, মহামায়া সরণি, রাজারহাট–গোপালপুর পুরসভার বর্তমানে বিধাননগর পুরনিগমের ওয়ার্ড নং ২১ (পুরাতন), ১৫ (নতুন), থানা রাজারহাট (এখন বাগুইআটি), কলকাতা–৭০০০৫৯, এডিএসআর–রাজারহাট, জেলা–উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ এবং **চৌহদ্দি**–উত্তরে: খোলা আকাশ, দক্ষিণে: ফ্ল্যাট নং ৪বি, পূর্বে: খোলা আকাশ, পশ্চিমে: সিঁড়ি এবং লিফট।

তারিখ: ২১.০৩.২০২৪
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
কানাড়া ব্যাঙ্ক

ফর্ম ‘এ’
প্রকাশ্য বিজ্ঞপ্তি
[ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সনস) রেগুলেশনস, ২০১৬–এর রেগুলেশন ৬ অধীনে]
ফেয়ারডিল সাপ্লায়ার্স লিমিটেড এর ঋণদাতাগণের অবগতির জন্য

	দরকারি তথ্যাবলি	
১.	কর্পোরেট ঋণগ্রহীতার নাম	**ফেয়ারডিল সাপ্লায়ার্স লিমিটেড**
২.	কর্পোরেট ঋণগ্রহীতার প্রতিষ্ঠার তারিখ	২১.০৭.১৯৮৭
৩.	যে কর্তৃপক্ষের অধীনে এই কর্পোরেট ঋণগ্রহীতা প্রতিষ্ঠিত/ নিবন্ধীকৃত	আরওসি, কলকাতা
৪.	কর্পোরেট ঋণগ্রহীতার কর্পোরেট আইডেন্টিটি নম্বর/ লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নম্বর	U51909WB1987PLC097552
৫.	কর্পোরেট ঋণগ্রহীতার রেজিস্টার্ড অফিস এবং মুখ্য অফিস (যদি থাকে)–এর ঠিকানা	**রেজিস্টার্ড ঠিকানা:** ৪, বিবিডি বাগ (ই), দ্বিতীয় তল, স্টিফেন হাউজ, আর নং ৫, কলকাতা–৭০০০০১
৬.	কর্পোরেট ঋণগ্রহীতার পরিপ্রেক্ষিতে ইনসলভেন্সি শুরুর তারিখ	১৯.০৩.২০২৪ (২০.০৩.২০২৪ তারিখে আদেশের কপি আইবিবিআই এর ওয়েবসাইটে আপলোড করা আছে)
৭.	ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস বন্ধের অনুমিত তারিখ	১৫.০৯.২০২৪
৮.	ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল হিসেবে ক্রিয়ারত ইনসলভেন্সি প্রফেশনালের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর	শ্রী বিজয় মুরমুরিয়া, রেজিঃ নং: IBBI/IPA-001/IP-N00007/2016-17/10026
৯.	বোর্ডের কাছে নিবন্ধীকৃত ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনালের ঠিকানা এবং ই–মেল	সুমেধা ম্যানেজমেন্ট সলিউশনস প্রাইভেট লিমিটেড, ৬এ, গীতাঞ্জলি অ্যাপার্টমেন্ট, ৮বি, মিডলটন স্ট্রিট, কলকাতা–৭০০০৭১, পশ্চিমবঙ্গ bijay_murmuria@sumedhamanagement.com
১০.	ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনালের সঙ্গে যোগাযোগের জন্য ব্যবহার্য ঠিকানা এবং ই–মেল আইডি	সুমেধা ম্যানেজমেন্ট সলিউশনস প্রাইভেট লিমিটেড, ২বি, গীতাঞ্জলি অ্যাপার্টমেন্ট, ৮বি, মিডলটন স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৭১ ip.fairdeal@gmail.com
১১.	দাবি পেশের শেষ তারিখ	০২.০৪.২০২৪
১২.	২১ নং ধারার (৬এ) নং উপধারার ক্লজ ‘বি’–এর অধীনে ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল দ্বারা নির্ধারিত ঋণদাতাদের (যদি থাকে) শ্রেণিবিভাগ	প্রযোজ্য নয়
১৩.	কোনও শ্রেণিতে ঋণদাতাদের অনুমোদিত প্রতিনিধি হিসেবে ক্রিয়াশীল হওয়ার জন্য চিহ্নিত ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনালদের নাম (প্রতি শ্রেণির জন্য তিনজন করে)	প্রযোজ্য নয়
১৪.	(ক) দরকারি ফর্ম এবং (খ) অনুমোদিত প্রতিনিধিদের বিশদ তথ্য উপলব্ধ রয়েছে এখানে:	(ক) ওয়েবলিঙ্ক: https://ibbi.gov.in/en/home/downloads (খ) প্রযোজ্য নয়

এতদ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, ন্যাশনাল কোম্পানি ল ট্রাইবুনাল ১৯.০৩.২০২৪ তারিখে ফেয়ারডিল সাপ্লায়ার্স লিমিটেড–এর কর্পোরেট ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস শুরুর আদেশ জারি করেছে।

এতদ্বারা ফেয়ারডিল সাপ্লায়ার্স লিমিটেড–এর ঋণদাতাদের ওপরের টেবিলে ক্রম নং ১০–তে উল্লিখিত ঠিকানায় ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল–এর কাছে ০২.০৪.২০২৪ বা তার আগে তাঁদের দাবিগুলি যথাযথ প্রমাণ সমেত পেশ করার জন্য আহ্বান জানানো হচ্ছে।

আর্থিক ঋণদাতারা যথাযথ প্রমাণ সমেত তাঁদের দাবিগুলি কেবলমাত্র ইলেকট্রনিক উপায়ে জমা দেবেন। বাকি সকল ঋণদাতারা তাঁদের দাবি প্রমাণ সমেত নিজেরা হাতে করে, ডাক মাধ্যমে বা ইলেকট্রনিক উপায়ে জমা দিতে পারবেন।

ওপরের টেবিলে ক্রম নং ১২–তে উল্লিখিত শ্রেণিভুক্ত কোনও আর্থিক ঋণদাতা ওপরের ক্রম নং ১৩–তে উল্লিখিত প্রযোজ্য শ্রেণি (শ্রেণি নির্ধারণ করতে হবে) [এক্ষেত্রে প্রযোজ্য নয়] অনুযায়ী অনুমোদিত প্রতিনিধি হিসেবে বেছে নেওয়ার যোগ্য তিনজন ইন্টেরিম রেজোলিউশন প্রোফেশনালের মধ্যে থেকে একজনকে বেছে নিয়ে নিজেদের পছন্দ ফর্ম ‘সিএ’–তে উল্লেখ করতে পারবেন।

দাবির স্বপক্ষে মিথ্যা অথবা বিভ্রান্তিকর প্রমাণ দাখিল করলে জরিমানা হতে পারে।

ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল–এর নাম এবং স্বাক্ষর
শ্রী বিজয় মুরমুরিয়া
ফেয়ারডিল সাপ্লায়ার্স লিমিটেড–এর বিষয়ে
ইন্টেরিম রেজোলিউশন প্রফেশনাল
রেজিঃ নং IBBI/IPA-001/IP-N0007/2016-17/10026
এএফএ বৈধ: ৩০.১০.২০২৪ অবধি
স্থান: কলকাতা
তারিখ: ২২.০৩.২০২৪

আধার হাউজিং ফিনান্স লিমিটেড

Aadhar Housing Finance Ltd

কর্পোরেট অফিস: ৮০২, নটরাজ বাই রুস্তমজি, ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ে, স্যার এম ভি রোড, আন্ধেরি ইস্ট, মুম্বই– ৪০০০৬৯, মহারাষ্ট্র
হাওড়া ব্রাঞ্চ অফিস: চতুর্থ তল, কৃষ্ণা এনক্লেভ, ২০১, ভজনলাল লোহিয়া লেন, এসি মার্কেটের কাছে, হাওড়া– ৭১১১০১, পশ্চিমবঙ্গ
অনুমোদিত আধিকারিকের নাম ও মোবাইল নম্বর: চিন্ময় কুমার সাহু (৯৯৩৭২১৭২১৭)

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর সংস্থানসমূহের অধীনে ব্যক্তিগত চুক্তির মাধ্যমে সম্পত্তি বিক্রি

যেহেতু আধার হাউজিং ফিনান্স লিমিটেড (এএইচএফএল)–এর অনুমোদিত আধিকারিক সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি অ্যাক্ট, ২০০২)–এর ১৩(৪) ধারাধীনে নিম্নলিখিত সম্পত্তিগুলির (‘সুরক্ষিত পরিসম্পদ’) দখল নিয়েছেন। সুরক্ষিত ঋণ পুনরুদ্ধারের জন্য সারফায়েসি অ্যাক্ট–এর অধীনে নিম্নবর্ণিত সুরক্ষিত পরিসম্পদ কিনতে আগ্রহী কিছু পক্ষের কাছ থেকে প্রস্তাব গ্রহণ করেছেন। এখন অনুমোদিত আধিকারিক সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮ ও ৯–এর অধীনে নিম্নবর্ণিত সম্পত্তি ব্যক্তিগত চুক্তির মাধ্যমে বিক্রির জন্য এই বিজ্ঞপ্তি জারি করছেন। সংশ্লিষ্ট অ্যাকাউন্টের বিশদ তথ্য এখানে নীচে দেওয়া হল:

ক্রম নং	ঋণগ্রহীতা(গণ)/সহ–ঋণগ্রহীতা(গণ)–এর নাম	দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং দাবিকৃত অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	৩০ জানুয়ারি, ২০২৪ অনুযায়ী অনাদায়ী বকেয়া	সুরক্ষিত পরিসম্পদের বিবরণ (স্থাবর সম্পত্তি)
১	[লোন কোড: ০১৯০০০০১১৫৮, হাওড়া ব্রাঞ্চ] শ্যামল দেবনাথ (ঋণগ্রহীতা) সুলতা দেবনাথ (সহ–ঋণগ্রহীতা)	১৫ এপ্রিল, ২০২১ ₹৬,১২,৩৫৮.০০	₹২,১০,০০০.০০ (দুই লক্ষ দশ হাজার টাকা মাত্র)	₹ ৪,৩৬,৫২৮.০০	আর এস এবং এল আর দাগ নং ২৫৬, জে এল নং ১৭১, লক্ষ্মীকান্তপুর–নামখানা রোড, দক্ষিণ ২৪ পরগনা, কুলপি, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ–৭৪৩৩৯৯। চৌহদ্দি: পূর্ব– মোহিত দেবনাথের সম্পত্তি; পশ্চিম– মোহিনী দেবনাথের সম্পত্তি; উত্তর– মোহিনী দেবনাথের সম্পত্তি; দক্ষিণ– মোহিনী দেবনাথের সম্পত্তি।

ওপরে লেখা সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য নিলাম প্রক্রিয়াটি অনুমোদিত আধিকারিক ‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেমন আছে’ ভিত্তিতে আয়োজন করবেন। উক্ত সম্পত্তি সংক্রান্ত কোনও প্রকার বকেয়ার জন্য এএইচএফএল কোনওভাবে দায়ী থাকবে না। কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সমস্ত দরপ্রস্তাব গ্রহণ বা বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে এবং এই বিক্রি সুরক্ষিত ঋণদাতার অনুমোদন সাপেক্ষ হবে। প্রস্তাবিত ক্রেতার দরপ্রস্তাব গৃহীত হলে, সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট সফল ক্রেতাকে সম্পত্তির প্রস্তাবিত বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (ইতিমধ্যে জমাকৃত ইএমডি অর্থাঙ্ক সমন্বয় করে) জমা দিতে হবে এবং বিক্রয়মূল্যের বাকি অর্থাঙ্ক ক্রেতা জমা দেবেন তাঁর দরপ্রস্তাব সুরক্ষিত ঋণদাতা গ্রহণ করার তারিখ থেকে ১৫ (পনেরো) দিনের মধ্যে। প্রস্তাবিত ক্রেতা খেয়াল রাখবেন, ওপরে নির্ধারিত মেয়াদের মধ্যে তিনি বাকি অর্থাঙ্ক জমা দিতে খেলাপি হলে, ইতিমধ্যে তাঁর দেওয়া যাবতীয় অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে এবং সম্পত্তিটি পুনরায় বিক্রি করা হবে। এই বিজ্ঞপ্তিটি সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর অধীনে বিধিবদ্ধ **১৫ দিনের বিক্রয় বিজ্ঞপ্তি হিসেবেও গণ্য হবে**। এতদ্বারা জনসাধারণের পাশাপাশি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ), সহ–ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ এবং ওপরে বর্ণিত স্থাবর সম্পত্তিটি আধার হাউজিং ফিনান্স লিমিটেড (এএইচএফএল), সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক বাস্তবিক দখল নিয়েছেন যেটি ‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেমন আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে এবং যদি সংশ্লিষ্ট পক্ষগণ বিক্রির তারিখের আগে তাঁদের পুরো বকেয়া মিটিয়ে দিতে পারেন, সেক্ষেত্রে এই নিলাম বন্ধ করা হতে পারে।

নিলামের নির্ধারিত তারিখ: ০৬.০৪.২০২৪

(অনুমোদিত আধিকারিক)
আধার হাউজিং ফিনান্স লিমিটেড–এর পক্ষে

স্থান: হাওড়া; তারিখ: ২২.০৩.২০২৪